



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল



www.brri.gov.bd

নম্বর: ১২.২২.০০০০.০০০.০৪৪.৭৭.০০০১.২৪.৪৫

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ২০২৪-২৫ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১.১ সূচক অনুযায়ী সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত এর আওতায় 'ধানভিত্তিক শস্য বিন্যাস (Rice based Cropping Pattern) সম্পর্কিত তথ্য ও পরামর্শ সেবা সম্প্রসারণ' সেবাকে একটি উদ্ভাবনী ধারণা হিসেবে সরকারি আদেশ জারী করা হলো।

লিংক: <https://play.google.com/store/apps/details?id=com.ezzetech.brri>

সংযুক্তি: প্রসেস ম্যাপ ও টিসিভিসহ উদ্ভাবনী উদ্যোগ ০৭ (সাত) পাতা।

২৬-০২-২০২৫

ড. মোহাম্মদ খালেকুজ্জামান
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০ (ফোন)
৪৯২৭২০০০ (ফ্যাক্স)
dg@brri.gov.bd

নম্বর: ১২.২২.০০০০.০০০.০৪৪.৭৭.০০০১.২৪.৪৫/১ (১০)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
- ৪। চিফ সাইন্টিফিক অফিসার, কৃষি পরিসংখ্যান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৫। চিফ সাইন্টিফিক অফিসার, ধান ভিত্তিক খামার বিন্যাস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।
- ৭। প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, আইসিটি সেল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৮। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ১০। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।



M. Aman

২৬-০২-২০২৫

ড. মোহাম্মদ খালেকুজ্জামান
মহাপরিচালক (রপটিন দায়িত্ব)

[১.১.১] সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/উদ্যোগ

- ১। মন্ত্রণালয়ের নাম: কৃষি মন্ত্রণালয়
- ২। বাস্তবায়নকারী দপ্তর/সংস্থার নাম: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৩। বিদ্যমান উদ্যোগ/সেবার নাম: ধানভিত্তিক শস্য বিন্যাস প্রযুক্তি উদ্ভাবন, সম্প্রসারণ এবং সংশ্লিষ্ট বিষয় সম্পর্কিত তথ্য ও পরামর্শ প্রদান।
- ৪। ডিজিটাইজেশনকৃত উদ্যোগ/সেবার শিরোনাম: ধানভিত্তিক শস্য বিন্যাস (Rice based Cropping Pattern) সম্পর্কিত তথ্য ও পরামর্শ সেবা সম্প্রসারণ।

৫। পটভূমি:

দেশের বিভিন্ন ইকোসিস্টেম উপযোগী, উন্নত ও লাভজনক শস্য বিন্যাস (Cropping Pattern) সম্পর্কে ধারণা না থাকার কারণে সার্বিকভাবে শস্যের উৎপাদনশীলতা ব্যহত হওয়ার পাশাপাশি কৃষকেরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ব্রি'র ধানভিত্তিক খামার বিন্যাস (আরএফএস) বিভাগ অদ্যবধি ৬৪টি জেলার উপজেলাভিত্তিক বিদ্যমান শস্য বিন্যাসের ডাটাবেজ করেছে। পরবর্তীতে আরএফএস ও কৃষি পরিসংখ্যান বিভাগ কর্তৃক যৌথভাবে জিআইএস প্রযুক্তি ব্যবহার করে মৌজাভিত্তিক শস্য বিন্যাসের উপযোগিতা ম্যাপ (Suitability map) তৈরি করেছে। এর প্রেক্ষিতে, ধানভিত্তিক শস্য বিন্যাস (Rice based Cropping Pattern) সম্পর্কিত তথ্য দ্রুততম সময়ে ডিজিটাইজেশন প্রক্রিয়ার মাধ্যমে কৃষকের নিকট পৌঁছানোর উদ্যোগ নেয়া হয়েছে। এ জাতীয় ডিজিটাইজেশন পদ্ধতি তৈরি হলে ভবিষ্যতে 'খামারি' ও 'কৃষক বাতায়ন' সহ বিভিন্ন সিস্টেমের সাথে ইন্টিগ্রেট করা সম্ভবপর হবে। উল্লেখ্য, বর্তমানে মৌজা পর্যায়ে শস্য বিন্যাসের তথ্য সম্বলিত এ ধরনের ডিজিটাইজেশন পদ্ধতি নেই।

৬। সেবাটি বর্তমানে কীভাবে দেয়া হয় (বিদ্যমান পদ্ধতি):

- লিফলেট/বুকলেট/ব্রশিউর এর মাধ্যমে;
- ব্রি/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে;
- নিকটস্থ ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) এর মাধ্যমে;
- বিভিন্ন সময়ে কৃষক প্রতিনিধিদের নিয়ে আয়োজিত মাঠ দিবস ও কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে;

৭। চিহ্নিত সেবাটি প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান প্রধান সমস্যা, সমস্যার মূল কারণসমূহ ও ভোগান্তি:

চিহ্নিত সেবার প্রধান/মূল সমস্যা	সমস্যার পিছনে মূল কারণসমূহ	সেবা গ্রহীতা/প্রদানকারীর ভোগান্তি
দেশের বিভিন্ন ইকোসিস্টেম উপযোগী, উন্নত ও লাভজনক শস্য বিন্যাস (Cropping Pattern) সম্পর্কে ধারণা না থাকার কারণে সার্বিকভাবে শস্যের উৎপাদনশীলতা ব্যহত হওয়ার পাশাপাশি কৃষকেরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।	ধানভিত্তিক শস্য বিন্যাসের বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তুলনামূলক বিশ্লেষণপূর্বক তা কৃষকের চাহিদানুযায়ী ধানভিত্তিক উপযুক্ত শস্য বিন্যাস নির্ধারণ করার এক ও অভিন্ন ফরম্যাট (Not in uniform method) নেই; তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে সুনির্দিষ্ট ব্যবস্থার পাশাপাশি আধুনিক পদ্ধতির অপ্রতুলতা।	• কৃষক প্রত্যাশিত ফলন পাচ্ছে না; • আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সেবার প্রধান/মূল সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব/ভোগান্তি সম্পর্কে বিবৃতিঃ (why, what, when, where, who & how?)

স্থানভিত্তিক বিভিন্ন ধরনের ধান ও অন্যান্য শস্যের জাত থাকা সত্ত্বেও কৃষকদের সুনির্দিষ্ট চাহিদাভিত্তিক শস্য বিন্যাসের বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তুলনামূলক বিশ্লেষণপূর্বক উপযুক্ত শস্য বিন্যাস নির্ধারণ/নিরূপণের ক্ষেত্রে উপযুক্ত পদ্ধতি ও এর ব্যবস্থাপনা সম্পর্কে কৃষকদের সম্যক ধারণার অভাব, তাৎক্ষণিক সমাধানযোগ্য তথ্যের অপ্রতুলতা ও যথাযথ ফিডব্যাক ব্যবস্থা না থাকার কারণে দেশব্যাপী কৃষক কাঙ্ক্ষিত ফলন থেকে বঞ্চিত হচ্ছেন এবং শস্য বিন্যাস নির্বাচনের উপযুক্ত পদ্ধতির অপ্রতুলতা কারণে উৎপাদন কম হচ্ছে।

AA

১. ৩/১৮

৮। **উদ্যোগ/সেবার উপকারভোগী/সুবিধাভোগী:** (প্রযোজ্য হলে, সমাজের বিশেষ কোন গোষ্ঠী যেমন প্রতিবন্ধী, দুঃস্থ নারী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, মুক্তিযোদ্ধা ইত্যাদি উল্লেখ করতে পারেন।):

- সাধারণ কৃষক;
- সম্প্রসারণ কর্মকর্তা;
- গবেষক/বিজ্ঞানী;
- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী;
- এনজিও/বেসরকারি সংস্থা ও সাধারণ ব্যবহারকারী।

৯। **সমাধান প্রক্রিয়া** (আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ: আবেদন পূর্ব হতে সেবা দেয়ার পর পর্যন্ত যা যা করা হবে, তার সুনির্দিষ্ট বর্ণনা):


- অ্যাপসে 'ধানের জাত নির্বাচন করুন' অপশন ব্যবহার করে কাজিফত বিভাগ, জেলা, উপজেলা ও শস্য বিন্যাসের তথ্য ইনপুট হিসেবে প্রদান সাপেক্ষে ঐ অঞ্চলের জন্য ধানের জাত (rice type) মোতাবেক উপযুক্ত শস্য বিন্যাসের তথ্যসহ এক বা একাধিক ধানের জাতের তথ্য প্রদান;
- নির্বাচিত উপজেলার জন্য উপযুক্ত শস্য বিন্যাসের তথ্যসহ এক বা একাধিক ধানের জাতের বিভিন্ন বৈশিষ্ট্যসমূহ পাশাপাশি বিশ্লেষণপূর্বক (Side by side analysis) সিদ্ধান্ত গ্রহণে সহায়ক;
- অ্যাপসের বিদ্যমান জেলা-উপজেলাভিত্তিক তথ্যের সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর দেশব্যাপি ১৪টি অঞ্চলের তালিকার সংযোজন স্থাপন;
- অ্যাপসে আরএফএস ও কৃষি পরিসংখ্যান বিভাগ কর্তৃক যৌথভাবে জিআইএস প্রযুক্তি ব্যবহার করে মৌজাভিত্তিক শস্য বিন্যাসের উপযোগিতা ম্যাপ (Suitability map) সংযোজন;
- বাংলা ও ইংরেজিতে ইউজার ম্যানুয়াল সংযোজন;

AA

হে


১০। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):

ধাপ: ১৬
জনবল: ১০ জন
সময়: ২৩ দিন
খরচ: ১৫০০-২০০০/-
যাতায়াত: ৪-৫ বার




AA

৩



ধাপ: ১৬
জনবল: ১০ জন
সময়: ২৩ দিন
খরচ: ১৫০০-২০০০/-
যাতায়াত: ৪-৫ বার

১১। নতুন প্রসেস ম্যাপ (সেবাগ্রহীতার নিকট সেবাটি যেভাবে পৌঁছে দেয়া হবে, ধারাবাহিকভাবে তার প্রসেস ম্যাপ/বুলেট পয়েন্টে লিখতে হবে):



ধাপ: ০৪
জনবল: ০১ জন
সময়: ৩০ মিনিট
খরচ: ৩০-৫০/-
যাতায়াত: ০০ বার

৪

৪

৪

১২। উদ্যোগ/সেবা বাস্তবায়নে সহযোগী/অংশীজন সংস্থার নাম:

- কৃষি মন্ত্রণালয়;
- অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই);
- আইসিটি বিভাগ;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)।

১৩। উদ্যোগ/সেবা বাস্তবায়নের ফলে প্রভাব (Impact):

- ত্রি'র ধানভিত্তিক খামার বিন্যাস (আরএফএস) বিভাগ অদ্যবধি ৬৪টি জেলার উপজেলাভিত্তিক বিদ্যমান শস্য বিন্যাসের ডাটাবেজ করেছে। এছাড়া ত্রি'র সকল ধানের জাতের বৈশিষ্ট্য ও ব্যবস্থাপনা সম্পর্কিত ফ্যাক্টশীটসমূহের তথ্যসমূহ একত্রীকরণ করে ডাটাবেজ তৈরির মাধ্যমে পুরো প্রক্রিয়াটি সম্পূর্ণ ডিজিটলাইজ হচ্ছে। এর মাধ্যমে একটি উপাত্ত-নির্ভর ড্যাশবোর্ড ব্যবস্থাপনা পদ্ধতি চালু হবে;
- কৃষকের চাহিদা মোতাবেক বিভিন্ন জমিতে বৈশিষ্ট্য অনুসারে সঠিক শস্য বিন্যাস সম্পর্কিত সেবা পাবেন;
- স্থানভিত্তিক উপযুক্ত শস্য বিন্যাসের তথ্যাদি ও মওসুম অনুযায়ী অঞ্চলভিত্তিক ধানের উদ্ভাবিত জাতসমূহ চিহ্নিতকরণের জন্য স্মার্ট পদ্ধতি তৈরি হবে;
- প্রটোটাইপ হিসেবে একটি নতুন বিজনেস মডেল তৈরি হবে ফলে একই প্রযুক্তির একাধিক নতুন প্রযুক্তি তৈরি না করে বরং উক্ত প্রযুক্তিকে প্রয়োজনীয় কাস্টমাইজ করে অন্যান্য শস্যের জন্য ব্যবহার করা সম্ভব হবে;
- কৃষক সহজে, দ্রুত ও কম সময়ে শস্য বিন্যাস সংক্রান্ত সেবা প্রাপ্তির ফলে প্রস্তাবিত সিস্টেমটি সিদ্ধান্ত গ্রহণে সহায়ক মাধ্যম হিসেবে বিবেচিত হবে;
- শস্য বিন্যাসের সঠিক প্রযুক্তি ব্যবহারের ফলে সামগ্রিকভাবে খাদ্যের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। উপযুক্ত ধান ও অন্যান্য শস্যের জাত বাছাইয়ের ফলে সঠিক সময়ে আবাদের মাধ্যমে ভালো ফলন নিশ্চিত হবে। ফলে কৃষক আর্থিকভাবে লাভবান হবেন এবং সুস্বাদু বাজার ব্যবস্থা নিশ্চিত হবে।

১৪। প্রত্যাশিত ফলাফল (TCV++):

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	২৩ দিন	৩০ মিনিট
খরচ (নাগরিক ও অফিসের)	৪-৫টি ডিজিটে ১৫০০-২০০০ টাকা (সেবা গ্রহীতার ব্যক্তিগত খরচ-সহ)	০ ডিজিট ৩০-৫০ টাকা (সেবা গ্রহীতার ব্যক্তিগত খরচ-সহ)
যাতায়াত	০৪-০৫ বার (সর্বোচ্চ)	০ (শূণ্য)
ধাপ	১৬	০৪
জনবল	১০ জন	১ জন
দাখিলীয় কাগজপত্র	টেলিফোন নাশ্বারসহ আবেদন	মোবাইল অ্যাপস

১৫। ক. উদ্যোগটির মধ্যে নতুনত্ব:


- বাস্তব ও মিথস্ক্রিয়া-ভিত্তিক সমাধান (Real time & interactive information);
- Decision making tool হিসেবে দ্রুত সমস্যার সমাধান;
- ডাটাবেজ ও ড্যাশবোর্ড ব্যবস্থাপনা;
- প্রতিবেদন প্রাপ্তির (Report generation) ব্যবস্থা।

খ. উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী হার্ডওয়্যার/সরঞ্জামাদি/অবকাঠামো লাগবে?

- এ.আই. সেন্সর; ডায়নামিক মোবাইল অ্যাপ্লিকেশন; অ্যান্ড্রয়েড মোবাইল ফোন/ট্যাব; বাস্তব এসএমএস/ভয়েস কল;

গ. উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক করতে হবে? (সফটওয়্যার তৈরি, ডাটাবেজ তৈরি, SMS বাস্তবায়ন)

- কারিগরি কার্যক্রম পরিচালনার মানদণ্ড (SOP) প্রস্তুত;
- তথ্যসমৃদ্ধ ডাটাবেজ (তথ্য-উপাত্ত ও ছবি সহ);
- মোবাইল অ্যাপস ডেভেলপ;

১৬। টেকসই বাস্তবায়নের জন্য কৌশলগত পরিকল্পনা (Strategic Plan):

বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ	<ul style="list-style-type: none"> • বিদ্যমান পদ্ধতিতে আবেদনকারীকে সাধারণত অনেক দূর থেকে এসে আবেদনপত্র দাখিল করতে হয়। আবেদন দাখিলের পর গ্রাহকদের ধানভিত্তিক শস্য বিন্যাসের তথ্য প্রদান করা হয় যা সময়সাপেক্ষ। • ধানভিত্তিক শস্য বিন্যাস একাধিক এলাকায় (খরাপ্রবণ এলাকা, লবণাক্ত এলাকা, হাওড় এলাকা ইত্যাদি) থাকায় কৃষক তার জন্য উপযুক্ত শস্য বিন্যাস সঠিক সময়ে নির্বাচনে/বাছাইকরণে সময়ক্ষেপণ করেন। ফলে কৃষক কাজিকত ফলন থেকে বঞ্চিত হওয়ার পাশাপাশি জমি অনাবাদী থাকায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। • মওসুমভিত্তিক কৃষকদের চাহিদা অনুযায়ী উপযুক্ত শস্য-বিন্যাস চিহ্নিতকরণের জন্য কোন স্মার্ট পদ্ধতি নেই।
চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থা	<ul style="list-style-type: none"> • ব্রি'র ধানভিত্তিক শস্য বিন্যাস সম্পর্কিত প্রযুক্তিসমূহের তথ্যসমূহ একত্রীকরণ করে ডাটাবেজ প্রণয়ন করা হবে। সহজিকরণের পরবর্তী ধাপ হিসেবে পুরো প্রক্রিয়াটি সম্পূর্ণ ডিজিটলাইজ করা হবে। • প্রতিটি ধানের জাতের প্রায় ২৭ ধরনের বৈশিষ্ট্য পর্যায়ক্রমে যুক্ত করে পাশাপাশি বিশ্লেষণপূর্বক (Side by side analysis) সিদ্ধান্ত গ্রহণে সহায়ক টুলস তৈরি করা হবে। • ইকো-সিস্টেম অনুযায়ী ধানভিত্তিক শস্য বিন্যাসের প্রায় ৪৫ রকমের শস্য বিন্যাস পর্যায়ক্রমে সিস্টেমে যুক্ত করে বিশ্লেষণপূর্বক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক টুলস তৈরি করা হবে। • মওসুমভিত্তিক কৃষকদের চাহিদা অনুযায়ী পরিবেশগত উপযোগিতা ও ইকোসিস্টেমের বৈশিষ্ট্য বিবেচনাপূর্বক ধানভিত্তিক শস্য বিন্যাস চিহ্নিতকরণের জন্য স্মার্ট পদ্ধতি তৈরি হবে।
টেকসইকরণে গৃহীত ব্যবস্থা	<ul style="list-style-type: none"> • অঞ্চলভিত্তিক সঠিক শস্য বিন্যাস নির্বাচনের ফলে ধান ও অন্যান্য শস্য আবাদে বিনিয়োগ করা হলে পরবর্তীতে কার্যকর নীট লভ্যাংশ ফেরত আসার সম্ভাবনা নিশ্চিতকরণ; • নার্স প্রতিষ্ঠানসমূহের অন্যান্য শস্যের ক্ষেত্রে উক্ত প্রযুক্তি একটি প্রটোটাইপ হিসেবে কাজ করবে; • কৃষকদের দেশীয় জ্ঞান ও প্রযুক্তির সংযোগ স্থাপনার মাধ্যমে নতুন ধারণার সূচনা করা; • এসডিজি'র ২.১, ২.৩ ২.৪, ৯ক, ৯খ ও ১২.ক.১ লক্ষ্য অর্জনের মাধ্যমে টেকসই প্রযুক্তির প্রচলন করা;
প্রচারে গৃহীত ব্যবস্থা	<ul style="list-style-type: none"> • ব্রি'র সদর দপ্তর-সহ সকল আঞ্চলিক কার্যালয়ে 'মাঠ দিবস' আয়োজন ও সেবাগ্রহীতা বা আবেদনকারীগণের উপস্থিতিতে কর্মশালা আয়োজনের মাধ্যমে সেবা সহজিকরণের সফলতা ও কার্যকারিতা সম্পর্কে অবহিত করা হবে; • ব্রি'র ওয়েবসাইটে (www.brri.gov.bd) ও ডিএই এর 'কৃষি বাতায়ন' (www.krishi.gov.bd) এর আভ্যন্তরীণ ই-সেবা হিসেবে উক্ত সেবা সংযুক্ত করার ফলে ব্যবহারকারীগণ দ্রুত সেবাটি সম্পর্কে অবগত হতে পারবেন। • Google Play Store ও Apple App Store এ "Rice Profile" লিখে সার্চ করে অ্যান্ড্রয়েড ও আইফোন ব্যবহারকারী উভয়ই অ্যাপসটি ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন।
নিয়মিত মনিটরিং টিম গঠন	<p>উদ্ভিদ প্রজনন, হাইব্রিড, জীব প্রযুক্তি, উদ্ভিদ রোগতত্ত্ব, কীটতত্ত্ব, উদ্ভিদ শারীরতত্ত্ব, কৃষিতত্ত্ব, রাইস ফার্মি সিস্টেম (আরএফএস), কৃষি পরিসংখ্যান বিভাগ ও আইসিটি সেল এর সংশ্লিষ্ট বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে পরিচালক (গবেষণা) মহোদয়ের সভাপতিত্বে একটি বাস্তবায়ন ও মনিটরিং টিম গঠন করা হয়েছে।</p>

AA.

(স্বাক্ষর)

১৭। বাস্তবায়ন টিমের নাম, পদবী ও ছবি

কর্মকর্তার নাম	পদবী	মোবাইল ও ই-মেইল	ছবি
১. ড. মো রফিকুল ইসলাম	পরিচালক (গবেষণা) ব্রি, গাজীপুর	01725395749 directorresearchbri@yahoo.com	
২. ড. মোঃ ইসমাইল হোসেন	সিএসও ও প্রধান কৃষি পরিসংখ্যান বিভাগ, ব্রি	01716124743 mihossain2@yahoo.com	
৩. ড. মোঃ ইব্রাহিম	সিএসও ও প্রধান ধানভিত্তিক খামার বিন্যাস (আরএফএস) বিভাগ	01716284429 ibrahim1270@yahoo.com	
৪. এস এম মোস্তাফিজুর রহমান	সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ব্রি	01818275692 sabribd@gmail.com	
৫. মোঃ মাহফুজ বিন ওয়াহাব	প্রোগ্রামার, আইসিটি সেল ও ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, ব্রি	01715138826 skysony1988@yahoo.com	

১৮। মেন্টরের তথ্য:

নাম	পদবী	ই-মেইল
ড. মোহাম্মদ খালেদুজ্জামান	মহাপরিচালক বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	49272040 dg@bri.gov.bd


28.02.2024
মোঃ মাহফুজ বিন ওয়াহাব
প্রোগ্রামার
আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
এবং ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মসূচিকল্পনা
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১।


28/02/2024
ড. মোঃ ইসমাইল হোসেন
সিএসও এবং প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
এবং ফোকাল পয়েন্ট, এমিএ টিম
ব্রি, গাজীপুর-১৭০১।